

৩৭.০০.০০০০.০৩১.০৮.০০৩.২০২০-১৩৬

তারিখ: ০৪ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
১৮ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধনী)


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে মহামান্য সুপ্রিমকোর্ট, মহামান্য হাইকোর্ট বিভাগ, এডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যাল এবং এডমিনিস্ট্রেটিভ আপিল ট্রাইবুন্যালে দায়েরকৃত মামলা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মোট ০২ (দুই) জন প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি:

১	আইনজীবীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে কর্তৃক অনুমোদিত ফি/সম্মানী প্রাপ্ত হবেন এবং উচ্চ সম্মানী হতে বিধি মোতাবেক সরকারি কর্তৃত নিশ্চিত করা হবে।
২	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পক্ষে বা বিপক্ষে দায়েরকৃত মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
৩	নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট ছকে নির্ধারিত তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর দাখিল করতে হবে।
৪	মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বিপক্ষে রায় হলে জরুরিভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর অবাহিত করতে হবে।
৫	কোন প্রতিটানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে। বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ প্রাপ্ত হলে ০৩ (তিনি) টির বেশি সরকারী প্রতিটানে প্যানেল আইনজীবী হিসাবে তালিকাভূক্ত হতে পারবেন না।
৬	হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে (প্রমানক আবশ্যিক)।
৭	আবেদনকারীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তির তারিখে ৬৫ (শৈয়ষট্টি) বছরের অধিক হতে পারবে না।
৮	০২ বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে।
৯	নিয়োগ প্রাপ্ত বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
১০	কোন প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে, কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১১	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

নিম্ন বর্ণিত চাহিদা প্রতিপালন পূর্বক আবেদন করতে হবে:

ক	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে;
খ	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে।
গ	আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে;
ঘ	আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসএসি থেকে আইনসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা/সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
ঙ	হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট-এর প্রমানকের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
চ	আগামী ৩০/০৭/২০২০ তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত সচিব (উন্নয়ন-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (রুম নং- ১৭২৫, ভবন- ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর আবেদনপত্র পৌছাতে হবে। প্রয়োজনে আবেদনপত্র law1@moedu.gov.bd মেইল এ প্রেরণ করা যাবে।


  
(মোহাম্মদ লিয়াকত আলী)  
উপসচিব (আইন-১)